R. N. No. 2582/57 Phone : 66228 (Press), 67228 (Resi.)/STD 03483 Regd. No.—WB/MSD- 4

আলমারী, চেয়ার এবং
যাবতীয় ষ্টীল সরঞ্জাম বিক্রেতা
বি কে
ষ্টিল ফার্ণিচার
অনুমোদিত বিক্রেতা ষ্টিলকো
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )
প্রথম প্রকাশ : ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল
কো-অপারেটিভ ব্যাংক
অনুমোদিত )
ফোন : ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৮৭শ বর্ষ
২৫শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ২৯শে কার্তিক, বুধবার, ১৪০৭ সাল।
১৫ই নভেম্বর, ২০০০ সাল।
নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## সব থাকা সত্ত্বেও হাসপাতালে অপারেশন বন্ধ রেখে স্বাস্থ্য পরিষেবা প্রকল্পের উদ্দেশ্য বানচাল করা হচ্ছে

নিজস্ব সংবাদদাতা : মহকুমা ও জেলা হাসপাতালগুলিতে যথেষ্ট সংখ্যায় অপারেশন চালুর উদ্দেশ্যে স্বাস্থ্য পরিষেবা উন্নয়ন প্রকল্প ডাক্তার, নার্স ও টেকনিসিয়ান নিয়োগ করে বিভিন্ন হাসপাতালে। এই প্রকল্প চলে বিশ্ব ব্যাংকের আর্থিক সহযোগিতায়। রাজ্য সরকারের মঞ্জুরীকৃত পদের বাড়তি পদ এগুলো। এর মধ্যে ১২০টি পদ এ্যানাস্থেসিস্টের। প্রকল্পের কর্তা জেলা ও মহকুমা হাসপাতালগুলিতে ইতিমধ্যেই ৬০ জন বিশেষজ্ঞ চিকিৎসক নিয়োগ করেছেন চুক্তির ভিত্তিতে। জঙ্গিপুর মহকুমা হাসপাতালে অপারেশন থিয়েটারের সংখ্যাও বাড়ানো হবে বলে জানা যায়। প্রকল্প বর্তমানে দু'জন এ্যানাস্থেসিস্ট ডাঃ দীপা ঘোষ ও ডাঃ মাঝি এবং রেডিওলজিষ্ট ডাঃ শুভংকর দাসকে এখানে নিয়োগ করেছে। এঁদের নিয়ে বর্তমানে এখানে ২৫০ শয্যার হাসপাতালে ডাক্তারের সংখ্যা দাঁড়ালো ২৭। এছাড়া প্রকল্প থেকে ষ্টেরিলাইজ মেসিন, বয়েলস্ এ্যাপারেটরস্, হাড় ও দাঁতের অপারেশনের যাবতীয় কয়েক লক্ষ টাকার যন্ত্রপাতি দেওয়া হয়েছে। এ্যানাস্থেসিস্ট ও বয়েলস এ্যাপারেটরস এর অভাবে অপারেশনের ক্ষেত্রে এক সময় জঙ্গিপুর হাসপাতালে অন্তরায় দেখা দেয়। কিন্তু বর্তমানে হাসপাতালে দু'জন এ্যানাস্থেসিস্ট ও চারজন সার্জেন ও আনুসঙ্গিক যন্ত্রপাতি থাকা সত্ত্বেও কোন অপারেশন হচ্ছে না। গরীব রোগীদের অনুরোধ বা চোখের জল উপেক্ষা করে হাইড্রোসিল বা সিজার কেসও ডাক্তাররা নির্দ্বিধায় বহরমপুর পাঠিয়ে দিচ্ছেন। আর দায়িত্বপ্রাপ্ত সুপার সবকিছু দেখেও চুপচাপ আছেন।

## দলের উচিত ছিল আরও আগে গিয়াসকে পার্টি থেকে বহিষ্কার করা —তুষার দে

বিশেষ প্রতিবেদক : 'সিপিএম পার্টির উচিত ছিল বহু পূর্বেই দলের দুর্বিনীত সদস্য গিয়াসউদ্দিনকে দল থেকে বহিষ্কার করা। আর গিয়াস পার্টির দুর্নীতি দেখেও দীর্ঘ ২৭ বছর চুপ করে থেকে মানুষের সঙ্গে বেইমানী করেছে'—কথাগুলি বলেন জেলার সিটু নেতা তুষার দে গত ৮ নভেম্বর জঙ্গিপুর মুনিরিয়া হাই মাদ্রাসায় এক জনসভায়। জঙ্গিপুর লোকাল কমিটির ডাকে ঐ জনসভায় তুষারবাবু ছাড়া হাজির ছিলেন সাংসদ আবুল হাসনাত খান, রাজ্য কমিটির সদস্য মোজাফ্ফর হোসেন, হাই মাদ্রাসার প্রধান শিক্ষক আনিসুর রহমান, পুরপতি মৃগাংক ভট্টাচার্য প্রমুখ। মূলতঃ কেন্দ্রে বিজেপি সরকারের জ্বালানী তেল, গ্যাস, কেরোসিন প্রভৃতির মূল্য বৃদ্ধির প্রতিবাদে ও সাম্প্রতিক রাজ্যের বন্যাকে জাতীয় বিপর্যয় ঘোষণা না করার প্রতিবাদে এই জনসভা হলেও নেতাদের বক্তব্যে বহিষ্কৃত জেলা সদস্য গিয়াসউদ্দিন প্রসঙ্গও বারবার এসে পড়ে। গিয়াসের বহিষ্কারের পর গিয়াসপন্থী এবং সিপিএমের সভা পাল্টা সভা রঘুনাথগঞ্জ-২ ব্লকে লেগেই আছে। তুষারবাবুর মতোই সাংসদ হাসনাত খান ( শেষ পৃষ্ঠায় )

## বন্যায় পুর এলাকার ক্ষয়-ক্ষতি দেখে গেলেন পুরমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক : সাম্প্রতিক বন্যায় মহকুমার দুই পুর এলাকা ধুলিয়ান ও জঙ্গিপুরের ক্ষয়ক্ষতি পরিদর্শন করে গেলেন পুর ও নগরোন্নয়ন দপ্তরের মন্ত্রী অশোক ভট্টাচার্য। গত ১ নভেম্বর পুরমন্ত্রী ধুলিয়ান পুরসভার কাজকর্ম খতিয়ে দেখেন। উপপুরপতি সঞ্জয় জৈনকে পুরসভার কাজ সময়মতো শেষ করার নির্দেশ দিয়ে যান। কমিশনার সফর আলী পুর এলাকায় পরিস্রুত পানীয় জল সরবরাহের দাবী জানালে পুরমন্ত্রী তা চালু করার ব্যাপারে চিন্তাভাবনার আশ্বাস দেন। তবে গঙ্গার ধারে বা নীচু এলাকায় নতুন করে কোন ঘরবাড়ী করার অনুমতি না দিতে পুর কর্তৃপক্ষকে নির্দেশ দেন। অন্যদিকে ঐ দিনই (শেষ পৃষ্ঠায়)

## গঙ্গা ভাঙন দেখে গেলেন উপেন বিশ্বাস

নিজস্ব সংবাদদাতা : সি বি আই-এর এ্যাডিসনাল ডাইরেক্টর এবং পশু খাদ্য কেলেংকারীতে অভিযুক্ত বিহারের মুখ্যমন্ত্রী লালু যাদবকে গ্রেপ্তারের নায়ক উপেন বিশ্বাস গত ৪ নভেম্বর গঙ্গাভাঙন পরিদর্শনে এসে ফরাক্কায় গঙ্গা ভবনে ওঠেন। তিনি মিঠিপুরের আগে জলের গভীরতা কম থাকায় লঞ্চ নিয়ে ফিরে যান। জেলা এনফোর্সমেন্ট কর্তারাও তাঁর সঙ্গে ছিলেন। তিনি গঙ্গা এবং গঙ্গা ভাঙনের উপর গবেষণা করছেন বলে জানা যায়।

শরৎচন্দ্র পণ্ডিতের ( দাদাঠাকুর ) অনবদ্য সৃষ্টি বিদূষক পত্রিকার বাছাই রচনা থেকে সংকলিত
সেরা বিদূষক ( ১ম ও ২য় খণ্ড )
দাম : প্রতি খণ্ড ৭০.০০, দুই খণ্ড একত্রে ১১০.০০ ( ডাক খরচ পৃথক )
প্রাপ্তিস্থান : দাদাঠাকুর প্রেস এন্ড পাবলিকেশন/রঘুনাথগঞ্জ/মুর্শিদাবাদ। ফোন : এস টি ডি ০৩৪৮৩/৬৬২২৮ (প্রেস)/৬৭২২৮ (বাড়ী)

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ


# জঙ্গিপুর সংবাদ

২৯শে কার্তিক বুধবার, ১৪০৭ সাল।


## ॥ নূতন আশায় ॥

গত ৬ই নভেম্বর পশ্চিমবঙ্গের সপ্তম মুখ্যমন্ত্রী হিসাবে বুদ্ধদেব ভট্টাচার্য শপথ গ্রহণ করিয়াছেন। প্রায় ২৪ বৎসর পর এই রাজ্যের মুখ্যমন্ত্রিত্বের পরিবর্তন ঘটিল। প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর শারীরিক কারণে কাজের চাপ সহ্য করিতে কষ্ট হইতেছিল; সে কারণে বুদ্ধদেববাবুকে উপমুখ্যমন্ত্রী করিয়া জ্যোতি বসুর কাজের ভার লঘু করা হয়। বর্তমানে তিনি ইস্তফা দিলে বুদ্ধদেববাবু তাঁহার স্থলাভিষিক্ত হইলেন।

নবনিযুক্ত মুখ্যমন্ত্রী কর্মভার পাইয়াই প্রশাসনকে দুর্নীতিমুক্ত করিবার কথা ঘোষণা করিয়াছেন। তিনি তাঁহার সরকারের কর্মসূচী ঘোষণায় বলিয়াছেন যে, তাঁহার লক্ষ্য বন্যায় ক্ষয়ক্ষতির মোকাবিলা করা, নানাস্থানের রাজনৈতিক হানাহানি বন্ধ করা, ধর্ম ও ভাষাভিত্তিক সম্প্রীতি বজায় রাখা ও প্রশাসনকে দুর্নীতিমুক্ত করা। প্রসঙ্গত ১৯৭৭ সালে প্রথম বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসিয়া দুর্নীতিমুক্ত প্রশাসন চালু করার যে অঙ্গীকার করিয়াছিল, সেই প্রশ্ন আসিয়া পড়িতেছে। মুখ্যমন্ত্রীর ঘোষণা হইতে বুঝিতে অসুবিধা হয় না যে, গত ২৪ বৎসরের বামফ্রন্ট শাসনকালে প্রশাসন দুর্নীতিমুক্ত হয় নাই। মুখ্যমন্ত্রী তাঁহার ঘোষণায় জনমনে আশার সঞ্চার করিয়াছেন। মুখ্যমন্ত্রী আরও একটি ভাল কথা বলিয়াছেন। সরকারের কোনও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত তিনি নিজ দল এবং শরিকদলের মন্ত্রীদের সহিত আলোচনা সাপেক্ষে গ্রহণ করিবেন; প্রাক্তন মুখ্যমন্ত্রীরও পরামর্শ তিনি শুনিবেন। তিনি স্বীকারও করিয়াছেন যে, প্রাক্তন মুখ্যমন্ত্রীর যে দক্ষতা, দূরদৃষ্টি ও ব্যক্তিত্ব ছিল, তাহা তাঁহাদের কাহারও নাই। আর সেই জন্যই বুদ্ধদেববাবু যৌথ কাজের ধারা সৃষ্টি করিয়া সরকার চালাইবার কথা বলিয়াছেন।

বিধানসভার আগামী নির্বাচন পর্যন্ত পাঁচ মাস বুদ্ধদেববাবু মুখ্যমন্ত্রী হিসাবে কী কতটুকু করিতে পারিবেন, তাহা বলা সম্ভব না হইলেও এইটুকু বলা যায় যে, এই স্বল্প সময়ে তিনি কোন চমকপ্রদ কোনও চিত্র উপহার দিতে পারিবেন বলিয়া মনে হয় না। তিনি নিজে খুবই সৎ, অর্থসংক্রান্ত কোনও কলঙ্কের ছাপ অদ্যাবধি তাঁহার উপর পড়ে নাই। তবে প্রশাসনের অন্য কোনও ক্ষেত্রে তিনি নিজ ব্যক্তিত্ব কতটা প্রয়োগ করিতে পারিবেন, তাহা তাঁহার পাঁচ বছর মেয়াদী কর্মকালের উপর অনেকটা নির্ভর করিবে। বিধানসভা নির্বাচনের পূর্বে ও পরে তিনি যদি বিভিন্ন তথাকথিত স্তাবক-ধান্দাবাজদের আওতা হইতে মুক্ত থাকিতে পারেন, তবেই রাজ্যের মঙ্গল।

নবনিযুক্ত মুখ্যমন্ত্রীকে শ্রদ্ধা জানাই। এই হতভাগ্য রাজ্য ২৪ বৎসরের অমানিশায় যেভাবে আচ্ছন্ন হইয়া রহিয়াছে, তাঁহার শাসনকালে তিনি ইহার সৌভাগ্যের অরুণোদয় ঘটাইতে তৎপর হইবেন, এই আশা সকলের।

## বাবুগিরি কি ঝকমারি

রচনা : শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

যিনি খান ভাল, পরেন ভাল, রাতদিন ফ্যাসানে ও বিলাসে মত্ত থাকেন আমরা তাঁহাকেই বাবু বলি। যাঁহাদের দুপয়সার সংস্থান আছে তাঁহাদের বাবুগিরি বরং সাজে। কিন্তু পয়সা হীনের বাবুগিরি এক প্রকার ব্যাধি বলিলেই হয়। এই ব্যাধি এতই সংক্রামক হইয়া পড়িয়াছে যে ইহা ধনীর প্রাসাদ হইতে দরিদ্রের কুটীর পর্যন্ত স্বীয় প্রকোপ বিস্তার করিয়াছে। ফলে দেশে আসল বাবুর অপেক্ষা নকল বাবুর সংখ্যাই অধিক হইয়াছে। দিনান্তে কায়ক্লেশে সঞ্চিত শক্তু মুষ্টি ভক্ষণ করিয়া একটা পান মুখে দিয়া পোলাও কালিয়ার উদ্‌গার তোলা অনেকেরই স্বভাব সিদ্ধ হইয়াছে।

এই কৃত ব্যাধির জন্য লোকের অভাব এত বৃদ্ধি হইয়াছে, যে সে অভাব পূরণ করা অসম্ভব। পূর্বে সাধারণ গৃহস্থেরা "মোটা ভাত মোটা কাপড়" পাইলেই সন্তোষলাভ করিত, এক্ষণে কেহই স্ব স্ব অবস্থায় সন্তুষ্ট নহে। সকলেই গতানুগতিক। কাজেই কৃষকগণ চাষ কার্য্যকে হেয় জ্ঞান করিয়া কিসে বাবুর দলে মিশিবে, কিসে বাবু আখ্যা পাইবে, এই জন্য ব্যস্ত। স্বীয় পুত্রকে আর চাষ কাজ করিতে না দিয়া "যেমন তেমন চাকরী ঘি ভাত" বলিয়া গোলামীকে গৌরবের কার্য্য মনে করিয়া চাকরীর জন্য দ্বারে ফিরিতেছে।

শিল্পী ও কারিকরগণ আর কারখানায় কাজ শিখিতে নারাজ, কেননা তাহা হইলে হয় "মিস্ত্রী" না হয় "কারিকর" বলিয়া ডাকিবে কেহ বাবু বলিবে না। সেই জন্য চাকুরীকেই তাহারা জীবিকা নির্বাহের একমাত্র উপায় জানিয়া ১০/১৫ টাকায় চাকুরীর জন্য লালায়িত।

বাঙ্গালীর এই বাবুগিরি ব্যাধিই দেশীয় কৃষি ও শিল্পজাত দ্রব্যের অভাবের অন্যতম কারণ। আমাদের প্রয়োজনীয় দ্রব্যের মধ্যে ভাত ও কাপড় সর্বপ্রধান। কৃষকগণের কৃষি কর্মে ঔদাসীন্যে অন্নের অভাব হইয়াছে। আর বস্ত্রবয়নকারী তন্তুবায় সম্প্রদায়ের স্বীয় ব্যবসায়ে বীত শ্রদ্ধার জন্য বিদেশ জাত বস্ত্র ভিন্ন আর আমাদের গত্যন্তর নাই।

বস্ত্রের অভাব জন্য যে কেবল তন্তুবায়গণ একাই দায়ী তাহা নহে। দেশীয় মোটা বস্ত্রের উপর সাধারণেরও বড় একটা রুচি নাই। বিদেশজাত সুন্দর সুন্দর বস্ত্র ফেলিয়া স্বদেশী মোটা কাপড় ব্যবহার করিয়া অসভ্যতার প্রশ্রয় দান যেন লোকে মহাপাপ বলিয়া মনে করে।

যদিবা অভাবের তাড়নায় কর্ত্তাদের মোটা কাপড়ে আস্থা জন্মে, কিন্তু গিন্নিরা তাঁতির সুতী কাপড় দেখিলেই মুখ বাঁকান, কাজেই বাধ্য হইয়া স্বদেশী বস্ত্র বর্জন কর্ত্তাদের Compulsory হইয়াছে।

এখন যুদ্ধ বিগ্রহের জন্য বিদেশীয় মাল আমদানী একরূপ বন্ধ হইয়াছে। বিদেশী দ্রব্যের দর আগুন। যদি ঠেকিয়া লোকের আক্কেল হয়।

'নাই মামা চেয়ে কানা মামা ভাল' বিবেচনায় বিদেশী মোটা মালের উপর শ্রদ্ধা জন্মে তবেই মঙ্গল। নচেৎ আসল বাবুর সহিত পাল্লা দিতে গিয়া নকল বাবুদের প্রাণ যায় যায় হইয়া উঠিবে।

আর যদি দেশীয় কৃষি ও শিল্পের প্রতি একটু আস্থা স্থাপন করিয়া মোটা ভাত মোটা কাপড়েই সন্তোষলাভ করিতে পারি তাহা হইলে আমাদের কিসের দুখ?

( জঙ্গিপুর সংবাদ, ৩য় বর্ষ, ১৩২৩ সাল )

## বিদ্যুতের বেহাল অবস্থায় মানুষ নাজেহাল

নিজস্ব সংবাদদাতা : সম্প্রতি রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুর এলাকায় বিদ্যুতের বেহাল অবস্থায় মানুষ নাজেহাল। প্রতিদিন সন্ধ্যেয় পালা করে ২/৩ ঘন্টা লোডশেডিং লেগেই আছে। এ ছাড়া দিনের বেলায়ও বিদ্যুৎ স্বাভাবিক থাকছে না। জঙ্গিপুর পারে লোডশেডিং ছাড়াও লোভোল্টেজের জন্য টিভির পিকচার টিউব বাল্ব কেটে গিয়ে প্রচুর ক্ষতির খবর মিলছে। অন্যদিকে বর্তমানে কমপিউটার বিলে অসামঞ্জস্য থাকলেও তার কোন সুরাহা হচ্ছে না। নিজের পয়সায় মিটার কিনেও মাসে মাসে মিটার ভাড়া গুণতে হচ্ছে। বর্তমান এস এস বদলি হয়ে গেছেন। নতুন কেউ আসেননি। অফিস এস এসহীন হয়ে পড়ায় বর্তমানে কোন সমস্যার সমাধান হচ্ছে না। তবে পূর্বের এস এস মানস বাগচী চলে যাবার পর জঙ্গিপুরে আবার হুকিং-ট্যাপিং শুরু হওয়ায় লোভোল্টেজ হচ্ছে বলে এলাকার মানুষের অভিযোগ। অন্যদিকে সেতুর কাছে ফুলতলার বিদ্যুৎ স্তম্ভ অন্য জায়গায় বসাতে দিনে দীর্ঘক্ষণ বিদ্যুৎ থাকছে না।

## আইনী পরিষেবা দিবস উদ্‌যাপন

নিজস্ব সংবাদদাতাঃ গত ৯ নভেম্বর জঙ্গীপুর আদালত কক্ষে আইনী পরিষেবা দিবস'' উপলক্ষে জঙ্গীপুর মহকুমার ন্যাশনাল লিগ্যাল সার্ভিসেস অথরিটির চেয়ারম্যান ও জঙ্গীপুর আদালতের বিচারক অনুপ চৌধুরীর উদ্যোগে এক সভা হয়। সভায় জঙ্গীপুরের এসডিপিও, আদালতের বিচারক মন্ডলীসহ বহু আইনজীবী উপস্থিত ছিলেন। বিচারক অনুপ চৌধুরী সমাজের দরিদ্র ও অবহেলিত মানুষদের বিনা খরচে আইনী সহায়তা, পরামর্শ ও শিক্ষা দেওয়া লিগ্যাল সার্ভিসেস-এর অন্যতম অঙ্গ বলে ঘোষণা করেন। ন্যায় বিচার সুনিশ্চিত করার লক্ষ্যে লোক আদালত স্থাপন উক্ত সংস্থার উদ্দেশ্য বলেও তিনি জানান। উপস্থিত ব্যক্তিরাও লিগ্যাল সার্ভিসেস-এর প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। ইতিপূর্বে এই সংস্থার উদ্যোগে গত ১৭ সেপ্টেম্বর ধুলিয়ান পৌরসভায় এক সেমিনার হয়। পরিচালনার দায়িত্বে ছিলেন আইনজীবী সুবীর রায়।

## বাড়ি বিক্রয়

জঙ্গিপুর পুরসভার ছোটকালিয়ায় ছয় শতক জায়গার উপর দোতলা বাড়ি বিক্রি হবে। নীচে উপরে পাঁচখানি ঘর, বারান্দা, পায়খানা, বাথরুম, রান্নাঘর, টালির বারান্দা, টিউবওয়েলসহ বাড়ি। নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুন।

তমালচন্দ্র দাস (আমিন)
জোতকমল নবতোরণ ক্লাবের ফুটবল খেলার মাঠ
( পুষ্প প্রদর্শনী মাঠ )

পশ্চিমবঙ্গ সরকার

শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ

**সুতী-২ সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প**

পোঃ দফাহাট, জেলা মুর্শিদাবাদ

## বিজ্ঞপ্তি

সুতী-২ নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পের জন্য ভান্ডার রক্ষকসহ শিশু খাদ্য পরিবহনকারী, চাল, ডাল, তেল, হলুদ এবং লবণ সরবরাহকারী নিয়োগ করা হইবে। বিশদ বিবরণের জন্য আগ্রহী ব্যক্তিরা বিজ্ঞপ্তি প্রকাশিত হইবার সাত দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করুন।

পার্থসারথি বসু
শিশু বিকাশ সেবা প্রকল্প আধিকারিক
সুতী-২ সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
০৯/১১/২০০০ দফাহাট, মুর্শিদাবাদ

মেমো নং ১৯১(২) আই সি ডি এস/সুতী-২
৯/১১/২০০০

## Auction Sale Notice of Seasonal Fruits

The Executive Engineer, Feeder Canal Division, Farakka Barrage Project, P. O. Farakka Barrage, Dist. Murshidabad (W. B.) invities sealed quotations from resourceful purchaser upto 3-00 P. M. of 22. 11. 2000 for the Auction Sale of seasonal fruits as detailed below :—

| Sl. No. | Name of Auction Sale. | Quantity of Trees. | Date of Receipt and opening of quotation. | Earnest Money. |
|---|---|---|---|---|
| 1. | Auction of Mango/Litchi ( Mango 104 Nos. and Litchi 11 Nos. ) for the year of fruit season of 2001 and 2002 ( fruits right only ) within the compound of Dhuliyan Colony Malancha in Project Land. | 115 Nos. | Upto 3.00 P. M. of 22/11/2000 and the same will be opened on the same day at 4-00 P. M. | Rs. 10,000/- |

Note: Details of terms and conditions etc. will be available in the Office of the Executive Engineer, Feeder Canal Division, F. B. Project, P. O. Farakka Barrage, Dist. Murshidabad (W. B.) on any working day from 15.11.2000.

**Executive Engineer**
Feeder Canal Division/F. B. P.
For and on behalf of the President of India.

Memo No. FCD/DB 204/1568(15) Dated 08-11-2000

## এগার বছরের বালিকাকে ধর্ষণ করে হত্যা

নিজস্ব সংবাদদাতা ঃ সুতী থানার সজনীপাড়া রেল ষ্টেশন সংলগ্ন রঘুনাথপুর গ্রামের তাজামুল সেখের এগার বছরের মেয়ে কমলা গত ৩০ অক্টোবর সন্ধ্যে থেকে নিখোঁজ হয়। জানা যায় ঐ দিন সে মদনা মোড়ে ওষুধ কিনতে গিয়ে আর বাড়ী ফেরেনি। কমলার বাড়ীর লোকেরা অনেক খোঁজাখুজির পর না পেয়ে থানায় খবর দেয়। কিন্তু পুলিশও কমলার কোন হদিশ করতে পারে না। তিন দিন পর তাজামুলের বাড়ীর কাছে একটি খাল থেকে দম চাপা অবস্থায় কমলার মৃতদেহ গ্রামবাসীরা উদ্ধার করে। গ্রামের লোকের সন্দেহ দুষ্কৃতিরা কমলাকে ধর্ষণ করে পরে হত্যা করে ঐ খালের মধ্যে দম চাপা দিয়ে রাখে। কমলার বাবা তাজামুল জানান তার মেয়ের গলায় একটি সোনার চেন ছিল। সেটিও মৃতের শরীরে পাওয়া যায়নি। এ ব্যাপারে এখনও কেউ গ্রেপ্তার হয়নি।

## ধুলিয়ানে পাট গুদামে আগুন

নিজস্ব সংবাদদাতা ঃ গত ৩ নভেম্বর ধুলিয়ান পুরসভার ৩নং ওয়ার্ডের একটি পাটের গুদামে আগুন লাগে রাত্রি ২টা নাগাদ। সব পাট পুড়ে ছাই হয়ে যায়। ফরাক্কা ও বহরমপুর থেকে দমকল এলেও কোন পাটই বাঁচেনি। গুদাম মালিক রবিউল আলী ও আনোয়ার হোসেন আগুনের কারণ সম্বন্ধে কিছু অনুমান করতে পারেননি। পাট পুড়ে কয়েক লক্ষ টাকার ক্ষতি হয়েছে বলে তাদের দাবী।

**আরো আগে গিয়াসকে বহিষ্কার করা** ( ১ম পৃষ্ঠার পর )

গিয়াসকে আক্রমণের সঙ্গে সঙ্গে কেন্দ্রের বিজেপি সরকার এবং তৃণমূল কংগ্রেসের সমালোচনা করেন। পুরপতি মৃগাঙ্ক ভট্টাচার্য্য বলেন, 'আমরা সীমিত ক্ষমতার মধ্যে রাজ্যে যতটুকু উন্নয়ন সম্ভব তা করছি, যদিও তা প্রয়োজনের তুলনায় নগণ্য। কেন্দ্রের বৈষম্যের জন্য অর্থ পাচ্ছি না।' শেষ বক্তা হিসাবে মোজাফ্ফর হোসেন সাম্প্রতিক ভয়াবহ বন্যা ও কেন্দ্রের জোট সরকারের ব্যর্থতার কথা উল্লেখ করেন। তৃণমূল নেত্রী এই বন্যাকে মনুষ্যসৃষ্ট বলে মন্তব্য করায় তিনি তার তীব্র বিরোধিতা করেন। ঐ একই নেতৃবৃন্দরা ছাড়াও মুর্শিদাবাদের সাংসদ মইনুল হাসানসহ সিপিএম একই ইস্যুতে আগামী ১৬ নভেম্বর মিঠিপুরে প্রকাশ্য জনসভার আয়োজন করেছে বলে জানা যায়।

**ক্ষয়ক্ষতি দেখে গেলেন পুরমন্ত্রী** ( ১ম পৃষ্ঠার পর )

অশোকবাবু জঙ্গিপুর পুরসভাতেও আসেন। রঘুনাথগঞ্জের সদরঘাট থেকে গাড়ীঘাট হয়ে শ্মশানঘাট পর্যন্ত ভাঙ্গন প্রত্যক্ষ করেন পুরমন্ত্রী। বন্যায় সবুজ দ্বীপের যে ক্ষতি হয়েছে সে ব্যাপারে জেলা পরিষদের সঙ্গে কথা বলে ব্যবস্থা নেবার নির্দেশ দেন তিনি। এছাড়া গঙ্গার ধারে এবং শহরের নীচু এলাকাগুলিতে বাড়ী তৈরীর নতুন করে অনুমতি দিতে তিনি নিষেধ করেন পুরপতিকে। খড়খড়িকে অবরোধ করে কোন নির্মাণ কাজ চলবে না। খড়খড়ির স্রোতকে বন্ধ করে দীর্ঘদিন ধরে যে সব অর্থলোভী ব্যবসায়ী বছরের পর বছর ব্যবসা চালিয়ে শহরবাসীদের বন্যায় দুর্গতি বাড়াচ্ছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পুরপতিকে নির্দেশ দেন মন্ত্রী। খড়খড়ি নদী সংস্কারের ব্যাপারে অশোকবাবু জেলা প্ল্যানিং কমিটির চেয়ারম্যান জেলা পরিষদের সভাধিপতি সচ্চিদানন্দ কাণ্ডারীর সঙ্গে শীঘ্র আলোচনা করে প্রয়োজনীয় কাগজপত্রাদি ও মাষ্টার প্ল্যান মহাকরণে পাঠাবার নির্দেশ দেন মৃগাঙ্ক ভট্টাচার্য্যকে। এ পর্যন্ত জঙ্গিপুর পুরসভা সরকারের কাছ থেকে বন্যার ক্ষয়ক্ষতিকে মেরামত করতে ২৮ লক্ষ টাকা পেলেও সর্বমোট ৬৭ লক্ষ টাকা পুরসভা পাবে দফায় দফায় বলে জানা যায়। এ ছাড়া রঘুনাথগঞ্জ পারের শ্মশানঘাটের বৈদ্যুতিক চুল্লী স্থাপনে এক কোটি টাকা ও সদরঘাটের লজকে দোতলায় রূপান্তরিত করতে প্রয়োজনীয় টাকা দেবারও আশ্বাস দেন পুরমন্ত্রী। এ ছাড়া বন্যায় পুর এলাকার ক্ষতিগ্রস্ত মানুষরা যাতে ঋণ, অনুদান ঠিকমতো পাই সে ব্যাপারেও পুরপতিকে লক্ষ্য রাখতে বলেন মন্ত্রী শ্রীভট্টাচার্য্য। বন্যায় ত্রাণ বন্টনে কোন দলবাজী হয়েছে কিনা—পুরসভার বিরোধী দলনেতা বিকাশ নন্দকে মন্ত্রী প্রশ্ন করলে মৃগাঙ্কবাবুর বিরুদ্ধে কোন দলবাজী বা বৈষম্যের অভিযোগ আনতে পারেননি।

সকলকে অভিনন্দন জানাই—

রঘুনাথগঞ্জ ব্লক নং-১
রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ
( হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট সেন্টার )
রেজিঃ নং-২০ ✱ তারিখ-২১-২-৮০
গ্রাম মির্জাপুর ।। পোঃ গনকর ।। জেলা মুর্শিদাবাদ
ফোন নং-৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী, প্রিন্ট শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

✪ সততাই আমাদের মূলধন ✪

দোলগোবিন্দ আলিপাত্র — সভাপতি
ধনঞ্জয় কাদিরা — ম্যানেজার
নবকুমার ভক্ত — সম্পাদক



আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিন্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।

বাঘিড়া ননী এণ্ড সন্স
( বিজয় বাঘিড়া, রেশমের ঘর )
মির্জাপুর ।। গনকর
(ফোন নং ঃ গনকর ৬২০২৯ (এসটিডি ০৩৪৮৩)

দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ), পিন-৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।